# বাসাইল পৌরসভা কার্যালয়

## বাসাইল, টাঙ্গাইল।

### সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ নেয়ামত উল্ল্যা, প্রশাসক, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল। |
| সভার তারিখ | : ০৮ জানুয়ারি ২০২৫। |
| সভার বার | : বুধবার। |
| সভার সময় | : বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : বাসাইল পৌরসভা মিলনায়তন। |
| উপস্থিতি | : হাজিরা খাতায় সংরক্ষিত। |

অদ্যকার সভা বাসাইল পৌরসভার প্রশাসক জনাব মোহাম্মদ নেয়ামত উল্ল্যা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতে সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। তিনি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করতে পৌর নির্বাহী কর্মকর্তা সাহেবকে অনুরোধ করেন।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

<table>
<tr><th>নং</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>গত ০৪ ডিসেম্বর ২০২৪, অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।</td><td>সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সকলকে শুভেচ্ছা জানান। তিনি সবাইকে পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন ও পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না আসায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।</td><td>পূর্ববর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা ।</td></tr>
<tr><td>০২</td><td>২০২৪-২০২৫ অর্থ বছরে সরকারের বার্ষিক উন্নয়ন তহবিলের অনুকুলে বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত উন্নয়ন প্রকল্পের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।</td><td>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার সহকারি প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত সরকারের বার্ষিক উন্নয়ন তহবিল থেকে উন্নয়ন কাজ বাস্তবায়নের নিমিত্তে গত ০৪ ডিসেম্বর ২০২৪, অনুর্ষ্ঠিত মাসিক সভায় গৃহীত উন্নয়ন প্রকল্পের তালিকা প্রস্তুত পূর্বক প্রকল্পের প্রাক্কলনসহ অদ্য উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। সে মোতাবেক তিনি বর্ণীত প্রকল্পের তালিকা প্রাক্কলনসহ উপস্থাপন করেন।
<table>
<tr><th>নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল-টাঙ্গাইল মেইন রাস্তা হতে শাহ্জাহান তামান্না মাদ্রাসার বিএফএস রাস্তার শেষ হতে মসজিদ পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td><td>২৯২৯৩৫</td></tr>
<tr><td>০২</td><td>০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল-মাইজখাড়া রাস্তা থেকে জাহাঙ্গীর সাহেবের বাড়ী হয়ে মাঠের শেষ সীমানা পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td><td>৯৯৯৩৪৩</td></tr>
<tr><td>০৩</td><td>০৮ নম্বর ওয়ার্ডে বাসাইল-পাথরঘাটা রাস্তা থেকে আহলে হাদীস মসজিদের রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td><td>৫৭৭২২৩</td></tr>
<tr><td>০৪</td><td>০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল খাল পাড়া রাস্তা হতে মো: সুমন মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td><td>১০৫০২৪</td></tr>
<tr><td>০৫</td><td>০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল পশ্চিম পাড়া বায়তুস সালাম (ছাতা) জামে মসজিদের কবরস্থানের রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td><td>২১৪৩৪৩</td></tr>
<tr><td>০৬</td><td>০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল কলেজ পাড়া বাসাইল টাঙ্গাইল মেইন রোড হতে মো. এনামুল করিম মিঞা এর বাড়ী পর্যন্ত নতুন রাস্তা নির্মান।</td><td>৩৫৪৩১৫</td></tr>
<tr><td>০৭</td><td>০৮ নম্বর ওয়ার্ডে বাসাইল পূর্বপাড়া সার্বজনীন শ্রী শ্রী দূর্গা মন্দির হইতে গৌরাঙ্গ মোহন সরকার এর বাড়িস্থ শ্রী শ্রী শিব মন্দির পর্যন্ত</td><td>৩৭৬৯০৫</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনায় উপস্থাপিত প্রকল্পগুলোসহ পৌরবাসীর চাহিদার প্রেক্ষিতে বৃক্ষরোপনসহ আরও প্রকল্পের প্রাক্কলণসহ অনুমোদনের নিমিত্তে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো।</td><td>সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা।</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td></td><td>রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>০৭ নম্বর ওয়ার্ডে বাসাইল ব্রাহ্মণপাড়ীল সরকারি প্রাথমিক বিদ্যালয় এর রাস্তা মেরামত। স্যালভেজ =১,১২,৬৯০/-</td><td>৩০১৪৫০</td></tr>
<tr><td>০৯</td><td>০৬ নম্বর ওয়ার্ডে বাসাইল নাটিয়াপাড়া রোডে হায়দার আলীর বাড়ী সামনে পাইপ কালভার্ট নির্মাণ।</td><td>২৬৮০২৭</td></tr>
<tr><td>১০</td><td>০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল পশ্চিমপাড়া ৬৩ নং সরকারি প্রাথমিক বিদ্যালয় এর রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন ।</td><td>১৯১৭৭১</td></tr>
<tr><td>১১</td><td>বাসাইল পৌরসভার হল রুম মেরামত।</td><td>৩৮২৬৯০</td></tr>
<tr><td>১২</td><td>০৮ নম্বর ওয়ার্ডে বাসাইল শ্রী শ্রী সার্বজনীন মহাশ্মান এর সীমানা বাউন্ডারী ওয়াল নির্মান।</td><td>১৮৫৪২৪</td></tr>
<tr><td>১৩</td><td>০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল পৌরসভার গালর্স স্কুলের পিছনে বিসি রাস্তায় আব্দুল আলিমের বাড়ী হতে মো. ইউসুফ আলী খানের বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td><td>২০৬৫৭৫</td></tr>
<tr><td>১৪</td><td>বাসাইল পৌরসভার ভবন রং করন।</td><td>৩৮০৭৫০</td></tr>
<tr><td>১৫</td><td>০৭ নম্বর ওয়ার্ডে বাসাইল ব্রাক্ষনপাড়িল কবরস্থান এর সীমানা বাউন্ডারী ওয়াল নির্মান।</td><td>৫১৫০১০</td></tr>
<tr><td>১৬</td><td>০২ নম্বর ওয়ার্ডে বাসাইল সাহাপাড়া কার্পেটিং রাস্তায় পুকুর পাড় প্যালাসেড়িং দ্বারা মেরামত করন।</td><td>৯০১৭৯৩</td></tr>
<tr><td>১৭</td><td>০২ নম্বর ওয়ার্ডে বাসাইল-কাউলজানী কার্পেটিং রাস্তা হতে আরিফ মিয়ার বাড়ী পযর্ন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।</td><td>২৬৮২৮৩</td></tr>
<tr><td>১৮</td><td>০৯ নম্বর ওয়ার্ডে বর্নিকিশোরী কবরস্থানের রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন।</td><td>২৭৫১৫৪</td></tr>
<tr><td>১৯</td><td>০৯ নম্বর ওয়ার্ডে বর্নিকিশোরী আনোয়ার বাবুর্চির বাড়ী হতে কায়ুইম মিয়ার বাড়ী পযর্ন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন।</td><td>৫৪৩১৫৩</td></tr>
<tr><td>২০</td><td>০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল-মাইজখাড়া কার্পেটিং রাস্তা হতে বড়বাড়ী ফরিদ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।</td><td>২১৮৯২১</td></tr>
<tr><td>২১</td><td>০৬ নম্বর ওয়ার্ডে বাসাইল -বালিনা কাপেটিং রাস্তা হতে গারামারা বিলের এইচবিবি রাস্তায় আক্কাস মাষ্টার বাড়ীর সামনে ২টি স্থানে পাইপ কালভার্ট নির্মাণ।</td><td>৫৩৬০৫৩</td></tr>
<tr><td>২২</td><td>বাসাইল পৌর এলাকার বিভিন্ন গুরত্বপূর্ন স্থ্যানে সড়কবাতি স্থাপন ও মেরামত করন কাজ ।</td><td>২০০০০০</td></tr>
<tr><td></td><td></td><td>৮২৯৫১৪২</td></tr>
</table>
উল্লেখিত প্রকল্পের তালিকা সভায় উপস্থাপনের পর সহকারি প্রকৌশলী আরও বলেন, পৌরবাসীর চাহিদার পাশাপাশি বাসাইল পৌর এলাকার বিভিন্ন রাস্তায় বৃক্ষরোপনের জন্য প্রকল্প গ্রহণ করে সমুদয় প্রকল্পের প্রাক্কলন অনুমোদন পূর্বক কাজ বাস্তবায়নের নিমিত্তে দরপত্র পক্রিয়া শুরু করা যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>চলমান উন্নয়মূলক কাজের অগ্রগতি প্রসঙ্গে।</td>
<td>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার সহকারি প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, বাসাইল পৌর এলাকায় চলমান উন্নয়ন প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে সার্বক্ষনিক ঠিকাদারদের সঙ্গে আলোচনা করা হচ্ছে। কাজ দ্রুততম সময়ের মধ্যে শেষ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে সকলের সহায়তা প্রয়োজন।<br>তিনি সভাকে জানান, বাসাইল পৌর এলাকার ০৫ নম্বর ওয়ার্ডে বাসাইল-বালিনা সড়কের নুরুল ইসলামের বাড়ির সামনে ও ০৬ নম্বর ওয়ার্ডে বাসাইল-বালিনা রাস্তায় হবি পীর</td>
<td>বিস্তারিত আলোচনায় উল্লেখিত স্থানগুলোতে জরুরী ভিত্তিতে মাটি বা ভ্যাট দিয়ে মেরামত পূর্বক জনসাধারণের চলাচল উপযোগী করার সিদ্ধান্ত হলো। যার ব্যয়ভার পৌর রাজস্ব তহবিল থেকে বহন করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো।</td>
<td>সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | সাহেবের বাড়ির সামনে গত বন্যায় পানির তোড়ে ভেঙে যায়। এছাড়া ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল পৌরসভা কার্যালয়ের রাস্তায় ডাক বাংলোর সামনে প্রবল বর্ষণের কারণে ভেঙে গেছে। এতে ওই স্থানগুলো দিয়ে জনসাধারণের চলাচলে খুবই দুর্ভোগ পোহাতে হচ্ছে। যা মাটি কিংবা ভ্যাটস দিয়ে মেরামত পূর্বক জনসাধারণের চলাচলের উপযোগী করা দরকার।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | | |
| ০৪ | ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রনে গৃহীত কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডা. শার্লী হামিদ বলেন, বাসাইল পৌর এলাকা ডেঙ্গু মুক্ত রাখতে চলমান কার্যক্রম অব্যাহত রাখাসহ সরকারি সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।<br>আলোচনায় অংশ নিয়ে পৌর এলাকার সকল স্থানে বিশেষ করে যেখানে ময়লা আবর্জনা জমে থাকে কিংবা মশার উৎপত্তিস্থল রয়েছে সেখানে স্প্রে করতে হবে। মশার উৎপত্তিস্থল ধ্বংস করতে হবে। পৌর এলাকার রাস্তাসমূহের ড্রেনগুলো দিয়ে যাতে পানি ঠিকমত বের হতে পারে সেদিকে খেয়াল রাখতে হবে। ড্রেন ও জঙ্গলসমূহ নিয়মিত পরিস্কার করতে হবে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় বাসাইল পৌর এলাকা ডেঙ্গু রোগমুক্ত রাখতে মশার উৎপত্তিস্থল ধ্বংসকরণ, পৌর এলাকার ড্রেনসহ রাস্তার জঙ্গল পরিকার ও স্প্রে প্রদান কার্যক্রম অব্যাহত রাখাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা/ সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা । |
| ০৫ | বিবিধ | ক. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সভাকে জানান, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসক ১ শাখার স্মারক নম্বর ৪৬.০০.০০০০.০৩৯. ০১৮.২০২৪-১৩৩১, তারিখ : ২২.১২.২০২৪, এর পরিপত্র, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইলের স্মারক নম্বর : ০৫.৪১.৯৩০০.০০০০.০০৭.০০৩.০১৪.২৪, তারিখ : ৩০. ১২.২০২৫, মোতাবেক অনুষ্ঠিত তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী এবং বাসাইল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নম্বর : ০৫.৩০.৯৩০৯.০০০.১৯.০০৯.২৩-১৭, তারিখ : ০৬ জানুয়ারি ২০২৫, অনুযায়ী পত্র পাওয়া গেছে। এতে যথাযথভাবে তারুণ্যের উৎসব ২০২৫, পালনের জন্য 'তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ' শীর্ষক কর্মশালা, তারুণ্য মেলা, ডেঙ্গু মশক নিধনের জন্য বিশেষ অভিযান চালানোসহ নানা রকমের সচেতনতামূল কর্মসূচী পালনের সরকারি নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | ক. বিস্তারিত আলোচনায় 'তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ' শীর্ষক কর্মশালা, তারুণ্য মেলা, ডেঙ্গু মশক নিধনের জন্য বিশেষ অভিযানসহ সরকারি নির্দেশনা মোতাবেক সকল কর্মসূচী পালনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | ক. পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |
| | | খ. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জনাব নূর-ই-লায়লা বলেন, বাসাইল পৌর এলাকার বিভিন্ন ধরণের ভাতাভোগীদের অনেকে মারা গিয়েছেন। যাদের মৃত্যু সংক্রান্ত তথ্য পেতে কিছুটা সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। কাজটি করতে ভাতাভোগী যারা জীবিত আছেন তাদের পৌরসভা কার্যালয়ে বা সমাজে সেবা কার্যালয়ে সশরীরে উপস্থিত হতে বলা যেতে পারে। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ জরুরী।<br>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা মো. আব্দুর রাজ্জাক বলেন, আগে পৌর পরিষদ থাকাকালীন সময়ে ওয়ার্ড কাউন্সিলরেরা এ বিষয়ে তথ্য প্রদান করতেন। কিন্তু এখন তা হচ্ছে না। | খ. বিস্তারিত আলোচনায় ভাতাভোগীদের মধ্যে মৃত ব্যাক্তিদের তথ্য সংগ্রহ করতে সংশ্লিষ্ট ওয়ার্ডে দায়িত্বপ্রাপ্ত কর্মচারীসহ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত টিকাদানকারী, পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে কর্মরতদের সহযোগিতা নেয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | খ. পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডা. শার্লী হামিদ বলেন, এ কাজে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত টিকাদানকারী বা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যলয়ে কর্মরত মাঠকর্মীদের সহায়তা নেয়া যেতে পারে।<br>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জনাব আঞ্জুমান আরা বেগম বিথী বলেন, কাজটিতে পৌর এলাকার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদেরও সহায়তা নেয়া যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।<br>গ. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা মো. আব্দুর রাজ্জাক বলেন, বাসাইল পৌর এলাকায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম চলমান আছে। তবে কাঙ্খিত লক্ষ্যমাত্র অর্জণ করা যাচ্ছে না। এ বিষয়ে করণীয় নির্ধারণ করা জরুরী। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন, জন্ম ও মৃত্যু নিবন্ধন লক্ষ্যমাত্রা অর্জণ করতে চাইলে সরকার গৃহীত পরিকল্পনা অনুযায়ী শিশু জন্মের আগে কিংবা জন্মের তথ্য পাওয়ার সঙ্গে সঙ্গে শিশুর জন্ম সংক্রান্ত শুভেচ্ছা বার্তার সঙ্গে জন্ম নিবন্ধন আবেদন ফরম সংশ্লিষ্টদের কাছে পৌছানো যেতে পারে। একইভাবে কারও মৃত্যু সংবাদ পেলে পৌরসভার পক্ষ থেকে শোকবার্তাসহ মৃত্যু নিবন্ধন আবেদন ফর সংশ্লিষ্ট ব্যাক্তির পরিবারের সদস্যদের কাছে পৌছিয়ে দিতে হবে। একই সঙ্গে জন্ম-মৃত্যু নিবন্ধনের জন্য পৌর এলাকার সকল মসজিদে মাইকিং করণ, মসজিদের ইমামদের নিয়ে মতবিনিময় ও জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্টীকার তৈরি করে পৌর এলাকার বিভিন্ন স্থানে সাঁটিয়ে দেয়া যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | গ. বিস্তারিত আলোচনায় জন্ম-মৃত্যু নিবন্ধন আবেদন ফরমসহ পৌরসভার পক্ষ থেকে শিশুর জন্ম উপলক্ষে শুভেচ্ছা বার্তা ও ব্যাক্তির মৃত্যুতে পরিবারকে শোক বার্তা প্রদান, পৌর এলাকার মসজিদে মাইকিং, ইমামদের নিয়ে মতবিনিময় এবং জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্টীকার তৈরি করে তা পৌর এলাকার বিভিন্ন স্থানে সাঁটিয়ে দেয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | গ. পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা.
(মোহাম্মদ নেয়ামত উল্ল্যা)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।

স্মারক নং : বাসাপৌর/প্রশা/সাধা-০৮(অংশ-১)/২০১৫-১৮/০১ তারিখ : ০৮ জানুয়ারি ২০২৫।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩. জনাব ........................................................................................., সদস্য, প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটি, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৪. পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৫. হিসাব রক্ষক (ভা.), বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৬. অফিস নথি।

08.01.2025
(মোহাম্মদ নেয়ামত উল্ল্যা)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।